# জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

### সৃজনশীল প্রশ্ন

সময়— ২ ঘন্টা ৩০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　মান— ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▸ রহিমা বানু একজন গার্মেন্টস শ্রমিক। অনেক পরিশ্রমের পরও যে বেতন পায় তা দিয়ে তার সংসার চালাতে হিমসিম খেতে হয়। অথচ তারই কারখানার মালিক সাইফুল ইসলাম নিজের নার্সারিতে পড়ুয়া মেয়েকে স্কুলে নেবার জন্য আলাদা একটি দামি গাড়ি কিনেছেন এবং মেয়ের ভবিষ্যৎ চিন্তা করে আরও কয়েকটি শিল্প প্রতিষ্ঠান স্থাপন করছেন। এভাবে সম্পদ গড়তে শ্রমিকদের শোষণ করতেও তিনি কিঞ্চিত দ্বিধাবোধ করেন না।


ক. ওয়েস্টফালিয়ার চুক্তি কী? ১

খ. ভাস্কো-ডা-গামা ইতিহাসে এত বিখ্যাত কেন? ২

গ. উদ্দীপকের শোষিত রহিমা বানুর সাথে ইউরোপীয় বণিকদের শোষণনীতির সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. সাইফুল ইসলামের শোষণনীতি ও ইউরোপীয় বণিকদের শোষণনীতির প্রেক্ষাপট বিশ্লেষণ কর। ৪

২ ▸ নিচের চিত্রটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও।



ক. "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম"— এ ভাষণটি কার? ১

খ. ১৯৭১ সালের ৭ মার্চ রেসকোর্স ময়দানে বিশাল জনসভার আয়োজন করা হয় কেন? ২

গ. প্রদত্ত চিত্রের বিষয়টি বাংলাদেশের স্বাধীনতা আন্দোলনে কীরূপ প্রভাব রেখেছিল—ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের চিত্রের বিষয়টির প্রতিক্রিয়া ঐতিহাসিকভাবে গুরুত্বপূর্ণ—যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৩ ▸ মঈনুল হোসেন বাংলা বিভাগের ছাত্র। সরস্বতী পূজা উপলক্ষে বিভাগীয় চেয়ারম্যান বাংলা বিভাগের এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করলে মঈনুল তার বন্ধুবান্ধবীর সাথে অনুষ্ঠানে উপস্থিত হয়। অনুষ্ঠানে তার বন্ধু অরুনাভ চর্যাপদ পাঠ করে শুভ সূচনা করলে প্রিয়াংকা, স্বপ্ন, মিতা ও তনুশ্রী দলবেঁধে মঞ্চে ওঠে বৈষ্ণব পদাবলী থেকে কিছু আবেগপূর্ণ গান গাইতে শুরু করে। অতঃপর সবার অনুরোধে মঈনুল মঙ্গলকাব্য পাঠ করে অনেক প্রশংসা অর্জন করে।

http://teachingbd.com

ক. চর্যাপদ পদ কী? ১
খ. 'কা আ তরুবর পাঞ্চ বি ডাল চঞ্চল চী এ পইঠা কাল' — ব্যাখ্যা কর। ২
গ. অরুনাভের পঠিত বিষয় ও দলগত গাওয়া গান সম্পর্কে বর্ণনা কর। ৩
ঘ. "মঈনুলের শিক্ষা প্রতিষ্ঠানে আয়োজিত অনুষ্ঠানটি বাংলা সাহিত্যের সমৃদ্ধির পরিচায়ক" —উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ জামাল ছোটকাল থেকে পিতামাতার কথামতো জীবনযাপনে অভ্যস্ত। কৈশোরে প্রতিবেশী রায়হানের সাথে তার খুব মিল ছিল। স্কুলে রায়হান ও জামাল একসাথে শিক্ষাগ্রহণ করে এবং বিশ্ববিদ্যালয়েও সহপাঠী হিসেবে শিক্ষাজীবন শেষ করে। তারা আজ সমাজের অগ্রপথিক হিসেবে প্রতিষ্ঠিত।


ক. সামাজিকীকরণ কোন ধরনের প্রক্রিয়া? ১
খ. সামাজিকীকরণে ব্যক্তির ওপর পরিবারের ভূমিকা ব্যাখ্যা কর। ২
গ. জামাল ও রায়হানের একই সাথে শিক্ষাগ্রহণের ক্ষেত্রে সামাজিকীকরণের কোন উপাদানটির ভূমিকা লক্ষণীয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. ব্যক্তির সামাজিকীকরণ জন্ম থেকে মৃত্যু অবধি চলমান— জামাল ও রায়হানের আলোকে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ মামুন যে দেশে বাস করে সে দেশ মানব উন্নয়ন সূচকে ১৪২তম স্থানে অবস্থান করছে। কিন্তু সে দেশের সরকার ২০২১ সালের মধ্যে দেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করার জন্য টেকসই উন্নয়নের লক্ষ্য অর্জনে এগিয়ে চলছে।

ক. কোনো দেশের জনপ্রতি বার্ষিক আয়কে কী বলে? ১
খ. রেমিটেন্স বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. মামুন যে দেশে বাস করে সে দেশের সাথে অন্যান্য দেশের মানব উন্নয়ন সূচকের চিত্র তুলে ধর। ৩
ঘ. মামুনের দেশ টেকসই উন্নয়নের লক্ষ্য অর্জনে এগিয়ে চলেছে— তুমি কি এর সাথে একমত? বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৬ ▶ নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




ক. '?' স্থানে কী বসবে? ১
খ. গণতন্ত্র বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত কোন ধরনের সরকার জনগণের জন্য কল্যাণকর এবং কেন ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ছকে উল্লিখিত কোনটি স্বেচ্ছাচারী শাসনব্যবস্থা বিশ্লেষণ কর। ৪

৭ ▶ ইউরোপের নাগরিক ডেভিড সম্প্রতি 'ক' দেশে ভ্রমণ করেছে। 'ক' দেশটি একটি জনবহুল দেশ এবং দেশটির ভৌগোলিক অবস্থান, জলবায়ু, ভূমির গঠন, নদীনালা ইত্যাদি কারণে প্রাকৃতিক দুর্যোগ হয়ে থাকে। এসব প্রাকৃতিক দুর্যোগে এদেশের জীবন ও অর্থনীতির ওপর নানা ধরনের প্রভাব পড়ে।

ক. প্রতিবছর বাংলাদেশের শতকরা কত ভাগ এলাকা বন্যার পানিতে প্লাবিত হয়? ১
খ. ভূমিধস সম্পর্কে ধারণা দাও। ২
গ. ডেভিডের ভ্রমণকৃত দেশের প্রাকৃতিক দুর্যোগের কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ক' দেশটির প্রাকৃতিক দুর্যোগ কীভাবে সে দেশের জীবন ও অর্থনীতির ওপর প্রভাব ফেলে— বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

৮ ▶ মীরপাড়ার অধিকাংশ উঠতি বয়সী ছেলেমেয়েরা বিভিন্ন অপরাধমূলক কাজের সাথে জড়িত হয়ে পড়েছে। ক্রমশই এ অপরাধপ্রবণতা বৃদ্ধি পাচ্ছে। এসব কিশোর অপরাধ সৃষ্টির প্রধান কারণ ছিল সবার মাঝে মাদকদ্রব্যের অবাধ বিস্তার এবং মাদকাসক্ত ব্যক্তির সংখ্যা বৃদ্ধি।

ক. মাদক শব্দটির উৎপত্তি হয়েছে কোন শব্দ থেকে? ১

খ. মাদকদ্রব্য কী? ব্যাখ্যা কর। ২

গ. মীরপাড়া গ্রামে মাদকদ্রব্যের অবাধ বিস্তার কীভাবে হয়েছে – ব্যাখ্যা কর। ৩

ঘ. মীরপাড়া গ্রামে মাদকাসক্তের সংখ্যা বৃদ্ধির পেছনে সামাজিক কারণ ছিল বেশি– যুক্তিসহ উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ মঙ জাতিগতভাবে চাকমা হওয়ায় উপজাতি কোটায় একটি সরকারি চাকরি পেয়েছে। এর আগে তাকে নিজ গোষ্ঠীর মাঝে সব নিয়ম অনুসরণ করে জীবিকা নির্বাহ করতে হতো। এখন সে অর্থনৈতিক দিক দিয়ে স্বাধীন হলেও তার পোশাকে লক্ষ করা যায় চাকমা সমাজের ছাপ।

ক. চাকমাদের জীবিকার প্রধান উপায় কী? ১

খ. চাকমাদের ধর্মীয় জীবনব্যবস্থা ব্যাখ্যা কর। ২

গ. মঙ নিজস্ব সামাজিক জীবনব্যবস্থায় কীভাবে তার অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করত– ব্যাখ্যা কর। ৩

ঘ. মঙ তার নিজস্ব সাংস্কৃতিক জীবনব্যবস্থা দ্বারা গভীরভাবে প্রভাবিত– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১০ ▶ মুন্নীর বড় ভাই তাকে বাংলাদেশের বিভিন্ন ধরনের শিল্পের অবদান সম্পর্কে ধারণা দিচ্ছে– সেসব শিল্পের মধ্যে উল্লেখযোগ্য শিল্প হচ্ছে বস্ত্র, পোশাক, চিনি, কাগজ ইত্যাদি। সে আরও বলল যে, "বাংলাদেশের বেশিরভাগ বৈদেশিক মুদ্রা অর্জিত হচ্ছে তৈরী পোশাক রপ্তানির মাধ্যমে যার একটা বড় অংশ আসে মার্কিন যুক্তরাষ্ট্র থেকে।

ক. কর্ণফুলী কাগজ কল কত সালে স্থাপিত হয়? ১

খ. বাংলাদেশের চিনি শিল্পের ব্যাখ্যা দাও। ২

গ. বাংলাদেশের বেশিরভাগ বৈদেশিক মুদ্রা অর্জিত হয় তৈরী পোশাক রপ্তানির মাধ্যমে, মুন্নীর বড় ভাইয়ের উক্তিরি সাথে কি তুমি একমত? যুক্তি দাও। ৩

ঘ. বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে বিভিন্ন শিল্পের প্রভাব অপরিসীম। উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

১১ ▶ অনিক ও তার বন্ধু রাজু যে দেশে বাস করে সেটি একটি উন্নয়নশীল দেশ। সে দেশের সরকারের একার পক্ষে উন্নয়ন করা সম্ভব নয়। এজন্য অন্য দেশ ও সংস্থার সহযোগিতা প্রয়োজন। অনিক বন্ধুকে বলে, এরূপ একটি সংস্থা ১৯৪৬ সালে প্রতিষ্ঠিত হয়। অন্য একটি সংস্থা ১৯৭২ সাল থেকে অনিকের দেশের উন্নয়নে সহায়তা করে আসছে।

ক. UNICEF-এর পূর্ণরূপ কী? ১

খ. বাংলাদেশে ইউএনডিপি (UNDP)-এর ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. অনিকের বর্ণিত ১৯৪৬ সালে প্রতিষ্ঠিত সংস্থাটি সম্পর্কে ধারণা দাও। ৩

ঘ. অনিকের দেশের উন্নয়নে একটি সংস্থা ১৯৭২ সাল থেকে সহায়তা করে আসছে– বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : | 1 | 5 | 0 |

সময়—৩০ মিনিট

### বহুনির্বাচনি অভীক্ষা

মান—৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ওয়েস্টফালিয়ার চুক্তি কত সালে সম্পাদিত হয়?
ⓚ ১৬৪৮ সালে ⓚ ১৬৮০ সালে
ⓖ ১৬৮২ সালে ⓖ ১৬৮৬ সালে

২. কার মাধ্যমে বাংলার অর্থ ও সম্পদ বাইরে চলে যায়?
i. শায়েস্তা খানের মাধ্যমে
ii. সিরাজউদ্দৌলার মাধ্যমে
iii. সুজাউদ্দিনের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :
মাত্র ২২ বছর বয়সে সিরাজউদ্দৌলা বাংলা, বিহার ও উড়িষ্যার নবাব হন। তিনি দেশি ও বিদেশি লোকদের ষড়যন্ত্রে ক্ষমতাচ্যুত হন এবং নির্মম মৃত্যুবরণ করেন।

৩. সিরাজউদ্দৌলার বড় খালার নাম কী?
ⓚ লুৎফা বেগম ⓚ আমেনা বেগম
ⓖ ঘসেটি বেগম ⓖ আলেয়া বেগম

৪. বর্গী কাদেরকে বলা হতো?
ⓚ সেনদের ⓚ তুর্কিদের ⓖ আফগানদের ⓖ মারাঠাদের

৫. কে বাংলাদেশের নামকরণ করেন?
ⓚ সৈয়দ নজরুল ইসলাম ⓚ ইয়াহিয়া খান
ⓖ খাজা নাজিমুদ্দীন ⓖ শেখ মুজিবুর রহমান

৬. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ কতটি সেক্টরে বিভক্ত ছিল?
ⓚ ১০টি ⓚ ১১টি ⓖ ১৩টি ⓖ ১৫টি

৭. ১৬ ডিসেম্বর কখন আত্মসমর্পণ দলিল স্বাক্ষরিত হয়?
ⓚ বিকেল ৪টায় ⓚ বিকেল ৫টায়
ⓖ বিকেল ৩টায় ⓖ বেলা ১টায়

৮. আওয়ামী লীগের সব কর্মসূচিতে জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের কারণ—
i. অধিকার আদায়
ii. বাংলার স্বাধীনতা
iii. পাকিস্তানের প্রতি ঘৃণা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৯. কীর্তন গান রচনায় মুসলমান কবিগণও অংশগ্রহণ করেছিলেন। কেননা সুলতানি আমলে—
i. হিন্দু-মুসলমানদের সম্পর্ক ছিল ঘনিষ্ঠ
ii. শ্রী চৈতন্যের বৈষ্ণব ভাবধারার প্রভাব ছিল ব্যাপক
iii. এটিই বাঙালির প্রথম সাহিত্যকর্ম ছিল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ i ও ii ⓖ i ও iii

Teachingbd.com

১০. আমাদের এই দেশ কোন মাটির?
ⓚ বেলে মাটির ⓚ দোআঁশ মাটির
ⓖ পলিমাটির ⓖ চুনামাটির

১১. চিত্রকলায় পথিকৃৎ বলা হয় কাকে?
ⓚ হাসন রাজা ⓚ জয়নুল আবেদিন
ⓖ বুলবুল চৌধুরী ⓖ সফিউদ্দিন আহমদ

১২. বাংলাদেশে ঔপনিবেশিক যুগ ছিল কোনটি?
ⓚ ১৭৫৭-১৮৫৭ ⓚ ১৭৫৭-১৯৪৭
ⓖ ১৭৮১-১৮৫৭ ⓖ ১৮৫৭-১৯৫৭

১৩. পুরাতন হাইকোর্ট ভবনটি কোন আমলের তৈরি?
ⓚ ইংরেজ আমল ⓚ পর্তুগিজ আমল
ⓖ পাকিস্তান আমল ⓖ ওলন্দাজ আমল

১৪. ঔপনিবেশিক যুগের আগের তৈরি প্রত্নতত্ত্ব—
i. বাহাদুর শাহ পার্ক
ii. ঢাকেশ্বরী মন্দির
iii. রমনা কালী মন্দির
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৫. উত্তরা গণভবন কোথায় অবস্থিত?
ⓚ ঢাকা ⓚ সিলেট
ⓖ রাজশাহী ⓖ নাটোর

১৬. জনগণের কাছে সংবাদ, মতামত ও বিনোদন পরিবেশনের মাধ্যমকে কী বলে?
ⓚ সংবাদ মাধ্যম ⓚ জনমাধ্যম
ⓖ গণমাধ্যম ⓖ যোগাযোগ মাধ্যম

১৭. দেশ বা দেশের বাইরে মানুষের যোগাযোগকে খুবই সহজ করেছে—
ⓚ ই-মেইল ⓚ ফ্যাক্স ⓖ ফেসবুক ⓖ ইন্টারনেট

১৮. সামাজিকীকরণের ক্ষেত্রে অধিক যুক্তিযুক্ত—
i. স্থানীয় সমাজ
ii. সমবয়সী সঙ্গী
iii. শিক্ষা প্রতিষ্ঠান
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৯. বাংলাদেশে অর্থনৈতিক প্রবৃদ্ধির মূলে রয়েছে—
i. প্রবাসীদের আয় ii. দেশজ উৎপাদন বৃদ্ধি
iii. শিল্পের কাঁচামাল আমদানি বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২০. Gross National Product-এর অর্থ কী?
ⓚ মোট জাতীয় আয় ⓚ মোট জাতীয় সম্পদ
ⓖ মোট জাতীয় উৎপাদন ⓖ মোট দেশজ উৎপাদন

২১. বাংলাদেশের জাতীয় আয়ের বৃহৎ খাত কোনটি?
ⓚ সেবা খাত ⓚ শিল্প খাত
ⓖ মৎস্য খাত ⓖ পরিবহন ও যোগাযোগ

http://teachingbd.com


■ নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও :
বিদেশি চাকরি করে সীমার বাবা প্রতি মাসে মোটা অঙ্কের টাকা পাঠায়, যা দিয়ে পরিবারটির পাশাপাশি আমাদের দেশও উপকৃত হচ্ছে।

২২. উদ্দীপকে যে টাকার কথা বলা হয়েছে অর্থনীতির ভাষায় সেটি মূলত—
ⓚ পুঁজি ⓚ পুঁজিপাচার ⓖ রেমিটেন্স ⓖ মুনাফা

২৩. উদ্দীপকে বর্ণিত অর্থ দ্বারা দেশ উপকৃত হওয়ার উপযুক্ত কারণ, এ অর্থের দ্বারা—
ক যোগাযোগ ব্যবস্থা উন্নত হচ্ছে
খ নানা ক্ষেত্রে বিনিয়োগ হচ্ছে
গ সরকারের জাতীয় আয় বাড়ছে
ঘ গরিব-দুঃখী উপকৃত হচ্ছে

২৪. বাংলাদেশের সংবিধানকে ২০১১ সাল পর্যন্ত কতবার সংশোধন করা হয়েছে?
ক ১১ খ ১৩ গ ১৫ ঘ ১৮

২৫. মৃত্যুদণ্ড মওকুফ বা হ্রাস করতে পারেন কে?
ক প্রধানমন্ত্রী খ রাষ্ট্রপতি গ স্পিকার ঘ আইনমন্ত্রী




২৬. খালিঘরে কোনটি হবে?
ক সিটি কর্পোরেশন
খ উপজেলা পরিষদ
গ ইউনিয়ন পরিষদ
ঘ জেলা পরিষদ

২৭. বাংলাদেশ সরকারের বিচার বিভাগের সর্বোচ্চ কেন্দ্র কোনটি?
ক সচিবালয় খ সুপ্রিমকোর্ট গ হাইকোর্ট ঘ জাতীয় সংসদ

২৮. রাষ্ট্রপতির বিরুদ্ধে কোনো অভিযোগ উত্থাপিত হলে তা বিচার বিবেচনা করে—
i. আইন বিভাগ
ii. শাসন বিভাগ
iii. জাতীয় সংসদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও :
আনন্দ টেলিভিশনে দেখতে পেল একটি দেশের পার্শ্ববর্তী সমুদ্র তলদেশে অগ্ন্যুৎপাত ঘটায় দেশটির জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে।

২৯. উক্ত ঘটনার ফলে কোন দুর্যোগটি ঘটতে পারে?
ক সুনামি খ খরা গ সাইক্লোন ঘ ভূমিধস

৩০. উক্ত ঘটনার ফলে সৃষ্ট দুর্যোগটি বেশি ঘটার সম্ভাবনা রয়েছে—
i. পাহাড়ি এলাকায়
ii. সমুদ্র তীরবর্তী এলাকায়
iii. ভূমিকম্প প্রবণ অঞ্চলে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | ঘ |
| ১৬ | গ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | গ |

http://teachingbd.com